

বাংলাদেশ হাই কমিশন

লন্ডন

জরুরি প্রেস বিজ্ঞপ্তি

লন্ডন, ২৫ নভেম্বর ২০২১

২৭ নভেম্বর শনিবার সকাল ১১টা থেকে বিকাল ৪টা পর্যন্ত পূর্ব লন্ডনে বাংলাদেশ হাই কমিশন কনস্যুলার সেবা প্রদান করবে

বাংলাদেশ হাই কমিশন, লন্ডন আগামী ২৭ নভেম্বর ২০২১ শনিবার সকাল ১১টা থেকে বিকাল ৪টা পর্যন্ত পূর্ব লন্ডনে বাংলাদেশ ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনে (Bangladesh Welfare Association, Shaheed Bhavan, 39 Fournier Street, London E1 6QE) নিম্নবর্ণিত কনস্যুলার সেবা প্রদান করবে :

১. নো-ভিসা রিকোয়ারমেন্ট (এনভিআর) স্টিকার প্রদান: আবেদনকারীদের ওয়েবসাইট (www.visa.gov.bd) থেকে যথাযথভাবে অনলাইন ফরম পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ উপস্থিত হতে হবে। আবেদনপত্র গ্রহণের পর এনভিআর-এর স্টিকার সংযুক্ত পাসপোর্ট ডাকযোগে ফেরত দেয়া হবে।
২. পাওয়ার অব এটোর্নী: (একই দিনে আবেদন গ্রহণ ও ডেলিভারি দেয়া হবে)
৩. মেশিন রিডেবল পাসপোর্ট (MRP) নতুন আবেদন/ রি-ইস্যু আবেদন গ্রহণ: হাতেলেখা পাসপোর্ট-এর বদলে নতুন MRP গ্রহণে ইচ্ছুক আবেদনকারীগণকে www.passport.gov.bd ওয়েবসাইট থেকে অনলাইন আবেদনপত্র পূরণ করে পূরণকৃত আবেদনপত্রের প্রিন্ট ও প্রয়োজনীয় কাগজপত্রসহ উপস্থিত থাকতে হবে। MRP রিইস্যু-এর জন্য আবেদনকারীগণকে https://bhclondon.org.uk/assets/theme/file/MRP_reissue.pdf ওয়েব লিংক থেকে আবেদনপত্র ডাউনলোড ও পূরণ করে পূর্বের MRP এবং উক্ত MRP-র একটি ফটোকপিসহ উপস্থিত থাকতে হবে। (ডেলিভারি পরবর্তীতে ডাকযোগে দেয়া হবে)।
৪. জন্ম নিবন্ধনের জন্য আবেদনপত্র গ্রহণ: আবেদনপত্র গ্রহণ করার পর ডেলিভারি পরবর্তীতে ডাকযোগে দেয়া হবে।

সম্মানিত সেবা গ্রহণকারীদের কনস্যুলার সেবা গ্রহণের পূর্বে www.bhclondon.org.uk/#consular-services ওয়েবসাইটে দেয়া তথ্য অনুযায়ী সকল প্রয়োজনীয় কাগজপত্রসহ (ডকুমেন্ট) নির্ধারিত তারিখ ও সময়ে পূর্ব লন্ডনে বাংলাদেশ ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

মিনিস্টার (প্রেস)